গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
রাজস্ব শাখা

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সেকশন-৩ এর ২.৭ অনুযায়ী মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণ সংক্রান্ত সভার ফেব্রুয়ারি-২০২১ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ড. মো: হুমায়ুন কবীর<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ১৫ ফেব্রুয়ারি ২০২১ খ্রি. |
| সভার সময় | বিকাল ০৪:৩০ টা |
| স্থান | বিভাগীয় কমিশনার মহোদয়ের সম্মেলন কক্ষ ও জুম সফটওয়্যারের মাধ্যমে |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সম্মেলন কক্ষে ও জুম ক্লাউড মিটিং সফটওয়্যার এর মাধ্যমে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু হয়। সভাপতি মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা "মুজিববর্ষে দেশে কেউ গৃহহীন থাকবে না" বাস্তবায়ন করার জন্য সমন্বিত উদ্যোগ গ্রহণ করার জন্য সকলকে আহবান জানান। সভাপতি অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), রাজশাহী বিভাগকে মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণ বিষয়ে একটি উপস্থাপনা প্রদানের বিষয়ে অনুরোধ করেন।

**২. বিগত সভার কার্যবিবরণী অনুমোদন**

সভায় জানুয়ারি-২০২১ মাসের কার্যবিবরণী পঠিত হয় এবং কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

**৩. বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি**

জানুয়ারি-২০২১ মাসে অনুষ্ঠিত মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণ সংক্রান্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার নিম্নরূপ:

| ক্রমিক নং | সভার তারিখ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়িত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের হার |
|---|---|---|---|---|
| ০১ | ২৮/০১/২০২১ খ্রি. | ০৮ টি | ৭টি | ৯০% |

অবশিষ্ট সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য প্রক্রিয়াধীন রয়েছে এবং জেলা প্রশাসকগণ সচেষ্ট আছেন মর্মে সভায় অবহিত করা হয়। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), রাজশাহী এ বিভাগের সকল জেলা প্রশাসক হতে প্রাপ্ত 'ক' শ্রেণির ভূমিহীন ও গৃহহীন পরিবারের সংখ্যা এবং মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহহীনদের গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণ সম্পর্কে বিস্তারিত তথ্য উপস্থাপন করেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা "মুজিববর্ষে দেশে কেউ গৃহহীন থাকবে না" বাস্তবায়নের লক্ষ্যে আশ্রয়ণ-২ প্রকল্পে গৃহহীনদের পুর্নবাসনের জন্য গৃহ নির্মাণ কাজের অগ্রগতি তদারকিকরণের বিষয়ে সভায় বিশেষ গুরুত্বারোপ করেন। রাজশাহী বিভাগের সকল জেলার আশ্রয়ণ-২ প্রকল্পে গৃহহীনদের পুর্নবাসনের জন্য ২য় পর্যায়ে গৃহ নির্মাণ কাজের অগ্রগতি উপস্থাপিত তথ্য অনুযায়ী সভায় বিস্তারিত আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**৪. <u>মুজিববর্ষ উপলক্ষ্যে দেশের সকল ভুমিহীন ও গৃহহীন পরিবারের ('ক' শ্রেণি) জন্য ২য় পর্যায়ে গৃহ নির্মাণের সংখ্যা নির্ধারণের ছক (জেলাওয়ারি):</u>**


| জেলা | 'ক' শ্রেণি ভূমি হীন ও গৃহহীন পরিবারের সংখ্যা | ১ম পর্যায়ে বরাদ্দকৃত মোট গৃহের সংখ্যা | ১ম পর্যায়ের নির্মাণ অগ্রগতি | | ২য় পর্যায়ে নির্মাণ করা যাবে এমন গৃহের সংখ্যা | ২য় পর্যায়ে ঘর নির্মাণের জন্য মাটি ভরাটের প্রয়োজন আছে এমন সংখ্যা | অবশিষ্ট ভূমিহীন ও গৃহহীন পরিবার সংখ্যা | অবশিষ্ট ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসন পদ্ধতি |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | নির্মিত গৃহের সংখ্যা | নির্মাণাধীন গৃহের সংখ্যা | | | | |
| ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| রাজশাহী | ১০৬৩২ | ৬৯২ | ৬৯২ | - | ৭৬৯ | ২২০ | ৯১৭১ | উপজেলাওয়ারি খাসজমিতে পুনর্বাসন করা হবে। |
| নাটোর | ৪৯৬৭ | ৫৫৮ | ৪৮৫ | ৭৩ | ১২৫৬ | ৩৪৬ | ৩১৫৩ | নিচু খাসজমি ভরাট করে, নিষ্কন্টক খাসজমি শনাক্ত করে, ভূমি অধিগ্রহণ করে |
| নওগাঁ | ২২২৬ | ১০৫৬ | ১০৫৬ | - | ২০৪ | ১৭ | ৯৬৬ | আশ্রয়ণ প্রকল্পের মাধ্যমে, খাসজমি প্রাপ্তি সাপেক্ষে |
| চাঁপাই-নবাবগঞ্জ | ১৮৩৩ + সংশোধিত ৯০৫ =২৭৩৮ | ১৩১৯ | ১২৬৯ | ৫০ | ১৪১৯ | ৮৭০ | - | ১ম পর্যায়ে বরাদ্দ ১৮৩৩, পরবর্তীতে নতুন বরাদ্দ ৯০৫, মোট ২৭৩৮। অবশিষ্ট পরিবারকে খাসজমিতে গৃহ নির্মাণ করে দেয়া যাবে। |
| পাবনা | ৪৫৫৭ | ১০৮৬ | ১০৭৬ | ১০ | ৮৮২ | ৭৬২ | ২৫৮৯ | মাটি ভরাট, খাসজমি উদ্ধার, দানশীল ব্যক্তি কর্তৃক দানকৃত উপযুক্ত জমি পাওয়া গেলে, মামলা চলমান খাসজমির মামলা নিষ্পত্তি সাপেক্ষে |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| সিরাজগঞ্জ | ৩২০৪ | ৭৯৬ | ৭৬৬ | ৩০ | ৪৮১ | ৩৫৮ | ১৯২৭ | ব্যারাক নির্মাণের মাধ্যমে, খাসজমি বন্দোবস্ত/মাটি ভরাট করে, বহুতল ভবন নির্মাণ করে |
| বগুড়া | ৯৩২৫ | ১৪৫২ | ১৪৫২ | - | ৭১৬ | ২৪২ | ৭১৫৭ | জমি অবৈধ দখলমুক্ত করে, জমি ক্রয়ের মাধ্যমে, অধিগ্রহণ করে, দানকৃত জমিতে বহুতল ভবন নির্মাণ করে |
| জয়পুরহাট | ১২৭৩ | ১৬০ | ১৬০ | - | ১১৫ | ৪০ | ৯৯৮ | উপজেলা রাজস্ব তহবিল, জনপ্রতিনিধি এবং সরকারি বরাদ্দের মাধ্যমে |
| **মোট** | **৩৮৯২২** | **৭১১৯** | **৬৯৫৬** | **১৬৩** | **৫৮৪২** | **২৮৫৫** | **২৫৯৬১** | |

**৫. সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন**

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ১. ১ম পর্যায়ে যে সকল গৃহ এখনও নির্মাণাধীন রয়েছে, সেগুলো দ্রুত শেষ করতে হবে।<br>২. গৃহ নির্মাণের কাজে জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে।<br>৩. যেসকল উপজেলা ২য় পর্যায়ে শূন্য চাহিদা প্রদান করেছেন তারা পুনরায় গৃহ নির্মাণের জন্য চাহিদা প্রদান করবেন অন্যথায় উক্ত উপজেলাকে ভূমিহীনমুক্ত মর্মে ঘোষণা করতে হবে।<br>৪. যেসকল উপজেলা ইতোমধ্যে চাহিদা প্রেরণ করেছেন, তারা বর্ধিত চাহিদা প্রেরণ করতে পারেন।<br>৫. গৃহ নির্মাণের ক্ষেত্রে নদী ভাঙ্গন এলাকা, বিচ্ছিন্ন/দুর্গম স্থান নির্বাচন করা যাবে না।<br>৬. গৃহ প্রদানের ক্ষেত্রে হিজড়া, বেদে সম্প্রদায় এবং ক্ষুদ্র-নৃগোষ্ঠীদেরকে গুরুত্ব প্রদান করতে হবে।<br>৭. ৭ এপ্রিল ২০২১ তারিখের মধ্যে ২য় পর্যায়ের গৃহসমূহ নির্মাণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল)<br>রাজশাহী বিভাগ |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সম্মেলন কক্ষে ও জুম ক্লাউড মিটিং সফটওয়্যারের মাধ্যমে সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



ড. মো: হুমায়ুন কবীর
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০১১.০৭.০০৯.২১.২১৫

তারিখ: ১২ ফাল্গুন ১৪২৭
২৫ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতি/সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা

৩) প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা

৪) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/রাজস্ব/উন্নয়ন ও আইসিটি), রাজশাহী বিভাগ, রাজশাহী


৫) জেলা প্রশাসক, রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট

৬) উপ-ভূমি সংস্কার কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী

৭) বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, রাজশাহী বিভাগ, রাজশাহী

৮) সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার, সাধারণ শাখা, এ কার্যালয়

৯) সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার, আইসিটি শাখা, এ কার্যালয় (ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ)



আরাফাত আমান আজিজ
সহকারী কমিশনার